দৈনিক সংবাদ

তারিখ 06 JAN 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

163

# ছাত্রঐক্যের উদ্বেগ

সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল এক বিবৃতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ছাত্র সংঘর্ষে কয়েকজন ছাত্র আহত হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ

## উদ্বেগ

(১ম পাতার পর)

বিবৃতিতে উল্লেখ করা হয়, যে মুহূর্তে দেশের আপামর জনতা স্বৈরাচারবিরোধী গণতান্ত্রিক আন্দোলনের বিজয়কে সুসংহত করে সম্মুখের দিকে অগ্রসর হচ্ছে ঠিক সে মুহূর্তে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংঘর্ষ গণতান্ত্রিক আন্দোলনের অগ্রযাত্রাকেই ব্যাহত করবে। যা এই মুহূর্তে কারো কাছে কাঙ্ক্ষিত নয়।

বিবৃতিতে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা থেকে বিরত থাকার জন্য দেশের সকল রাজনৈতিক-ছাত্র সংগঠনসহ আপামর জনসাধারণের প্রতি আহ্বান জানানো হয়।